১৫৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 JUL 1997
পৃষ্ঠা ১৫ কলাম ১

# কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় পাসের হার ৬২.৯২%

**স্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি ভোকেশনাল পরীক্ষায় পাসের হার ৬২ দশমিক ৯২ শতাংশ। এই বোর্ডে পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীর সংখ্যা ১৫৮৬। উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা ৯৯৮। এর মধ্যে প্রথম বিভাগে ৪৮১ জন। দ্বিতীয় বিভাগে ৫১৪ জন এবং তৃতীয় বিভাগে ৩ জন উত্তীর্ণ হয়।

উল্লেখ্য, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে প্রথমবারের মতো ১৯৯৭ সালের মার্চ মাসে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই বোর্ডে পরীক্ষা অনুষ্ঠিত হয় ১৩০০ নম্বরে।

ঘোষিত ফল অনুযায়ী মেধা অনুসারে টিটিসি, রাজশাহীর মোঃ আলমগীর হোসেন ৮টি লেটার নিয়ে প্রথম হয়েছে। প্রাপ্ত নম্বর ১০৬৪ দশমিক ২৫। ভিটিআই পিরোজপুরের মোঃ আখতার হোসেন ৬টি লেটারসহ ১০৫২ দশমিক ২৫ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে। ভিটিআই হবিগঞ্জের মোহাম্মদ উল্লাহ ৭টি লেটারসহ ১০৪৫ দশমিক ২৫ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে। বিজিটিটিসি মিরপুর ঢাকার মুহাম্মদ আক্তার হোসেন ৪টি লেটারসহ ১০২৮ দশমিক ৫০ নম্বর পেয়ে চতুর্থ হয়েছে। বিজিটিটিসি মিরপুর ঢাকার মোঃ জহিরুল ইসলাম ৫টি লেটারসহ ১০১৯ দশমিক ৫০ নম্বর পেয়ে পঞ্চম হয়েছে। টিটিসি ভোলার মোঃ আমিরুল ইসলাম ৬টি লেটারসহ ১০১৮ দশমিক ৫০ নম্বর পেয়ে ষষ্ঠ হয়েছে। ভিটিআই হবিগঞ্জের মোঃ আব্দুল ওয়াদুদ ৬টি লেটারসহ ১০১৫ দশমিক ৫০ নম্বর পেয়ে সপ্তম হয়েছে। ভিটিআই জয়পাড়া দোহার ঢাকার মোহাম্মদ সাইদুর রহমান ৪টি লেটারসহ ১০০৪ নম্বর পেয়ে অষ্টম হয়েছে। ভিটিআই হবিগঞ্জের এসএম মিজানুল হক ৬টি লেটারসহ ৯৯৯ দশমিক ৭৫ নম্বর পেয়ে নবম হয়েছে এবং ভিটিআই পার্বতীপুরের মোঃ জিয়াউর রহমান শাহ ৪টি লেটারসহ ৯৯৫ নম্বর পেয়ে দশম স্থান অধিকার করেছে।